

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:21-11-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

TATA-MOU :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার উপস্থিতিতে রাজ্যের ১৯টি আইটিআই'র আপগ্রেডেশনের লক্ষ্যে গতকাল শিল্প ও বাণিজ্য দপ্তর এবং টাটা টেকনোলজিস লিমিটেডের মধ্যে এক চুক্তি স্বাক্ষরিত হয়। ত্রিপুরা ইনস্টিটিউশন ফর ট্রান্সফরমেশনের ওয়ার রুমে চুক্তি স্বাক্ষরের সময় শিল্প ও বাণিজ্যমন্ত্রী সান্ত্বনা চাকমা, শিল্প ও বাণিজ্য দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বৃষকেতু দেববর্মা উপস্থিত ছিলেন। শিল্প ও বাণিজ্য দপ্তরের পক্ষে সচিব কিরণ গিত্যে এবং টাটা টেকনোলজিস লিমিটেডের পক্ষে সভাপতি পবন ভাগেরিয়া চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তি স্বাক্ষরের পর মুখ্যমন্ত্রী বলেন, এই চুক্তি রাজ্যের জন্য মাইল ফলক হবে। রাজ্যে শিল্প কারিগরী শিক্ষার ক্ষেত্রেও এই উদ্যোগ ফলপ্রসূ হবে। এই চুক্তি সম্পাদন হওয়ার ফলে প্রশিক্ষণ সুবিধার আধুনিকীকরণ, উন্নত কোর্স প্রবর্তন এবং আইটিআই থেকে পাশ করা শিক্ষার্থীদের কর্মসংস্থানও বৃদ্ধি পাবে।

President :

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দুদিনের জন্য তেলেঙ্গানা সফরে যাবেন। সফরকালে রাষ্ট্রপতি আজ হায়দ্রাবাদে "কোটি দীপোৎসবম্"-২০২৪-এ অংশ নেবেন। আগামীকাল তিনি হায়দ্রাবাদে লোকমন্ডন, ২০২৪ এ উদ্বোধনী ভাষণ দেবেন।

Film Festival :

ভারতের ৫৫তম আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব গতকাল গোয়ায় শুরু হয়েছে। অনুষ্ঠান চলবে এই মাসের ২৮ তারিখ পর্যন্ত। এক জাঁকজমকপূর্ণ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয় শ্যামা প্রসাদ মুখার্জি স্টেডিয়ামে। উদ্বোধনী অনুষ্ঠানে কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এবং প্রতিমন্ত্রী এল. মুরগান উপস্থিত ছিলেন। মাইকেল গ্রেসি পরিচালিত 'বেটার ম্যান' দিয়ে শুরু হয়েছে এই চলচ্চিত্র উৎসব। চলচ্চিত্রটি ব্রিটিশ পপ কিংবদন্তি রবি উইলিয়ামসের খ্যাতি এবং অসাধারণ জীবনশৈলীর এক অভূতপূর্ব শ্রদ্ধাঞ্জলি। তথ্য ও সম্প্রচার মন্ত্রকের সচিব সঞ্জয় জাজু, যুগ্ম সচিব বৃন্দা দেশাই, ইফি উৎসবের পরিচালক শেখর কাপুর এবং এন্টারটেইনমেন্ট সোসাইটি অফ গোয়ার ভাইস চেয়ারম্যান ডেলিলাহ এম লোবো চলচ্চিত্রটির প্রযোজক পল কারি এবং অভিনেত্রী রেচেল বানোনকে সংবর্ধনা দেন।

Ratan Lal Nath :

কৃষিমন্ত্রী রতন লাল নাথ জানিয়েছেন, গত আগস্ট মাসে অতিবর্ষন ও বন্যায় রাজ্যের যে সমস্ত কৃষি জমিতে বালি ও পলি জমে নষ্ট হয়েছে, সেই সব বালি ও পলি অপসারণের জন্য জরুরী ভিত্তিতে রাজ্য সরকার ৫ কোটি টাকা মঞ্জুর করেছে। আকাশবাণীকে তিনি জানান, চলতি রবি শস্যের জন্য এই টাকা মঞ্জুর করা হয়েছে। বালি অপসারণের জন্য কৃষকদের প্রতি কানি কৃষি জমির জন্য ৩০০০ টাকা করে দেওয়া হবে বলে জানান কৃষিমন্ত্রী।

CM Relief Fund :

উচ্চশিক্ষা দপ্তর থেকে গতকাল মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ২ লক্ষ ৩৬ হাজার ৭৭৮ টাকা দান করা হয়েছে। মুখ্যমন্ত্রীর সরকারি

বাসভবনে উচ্চশিক্ষা দপ্তরের অধিকর্তা অনিমেঘ দেববর্মার নেতৃত্বে এক প্রতিনিধিদল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সঙ্গে সাক্ষাৎ করে তাঁর হাতে চেক তুলে দেন।

Jawan-Shubankar :

ভারতীয় সেনাবাহিনীর শহীদ জওয়ান শুভঙ্কর ভৌমিকের মরদেহ গতকাল সন্ধ্যায় আগরতলায় আনা হয়। এমবিবি বিমানবন্দরের শহীদ জওয়ানের মরদেহে ফুল মালা দিয়ে শ্রদ্ধা জানান রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু ও মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা। রাজ্যপাল শহীদ শুভঙ্কর ভৌমিকের শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানান। মুখ্যমন্ত্রী বলেন, শুভঙ্কর ভৌমিক জম্মু-কাশ্মীরের সিয়াচেনে দেশের জন্য দায়িত্ব পালন করতে গিয়ে প্রাণ হারিয়েছেন। বিমানবন্দর থেকে মরদেহ নিয়ে যাওয়া হয় বীরগঞ্জে তার নিজ বাড়িতে। উল্লেখ্য, গত ১৮ নভেম্বর সিয়াচেনে বরফ ধ্বসে তিনি মারা যান।

Sudhangsu Das-Appointment :

প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস গতকাল গোখাঁবস্তীস্থিত প্রাণীসম্পদ বিকাশ দপ্তরে নব নিযুক্ত ৬৭ জন ভেটেরিনারি অফিসারের হাতে চাকুরির নিয়োগপত্র তুলে দেন। মন্ত্রী বলেন প্রাণীসম্পদ বিকাশ দপ্তর রাজ্য সরকারের গুরুত্বপূর্ণ দপ্তর। দেশ তথা রাজ্যের অর্থনীতিতে একটি প্রধান ভূমিকা পালন করে এই দপ্তর। তিনি বলেন আজকে যাদের নিয়োগ করা হয়েছে তাদেরকে নিয়ে দপ্তর আগামীদিনে সবরকম জটিলতা মুক্ত হয়ে অগ্রগতির পথে এগিয়ে যাবে। তিনি সব কর্মী আধিকারিকদের সততা, নিষ্ঠা ও মনোযোগ দিয়ে কাজ করার পরামর্শ দেন। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন দপ্তরের অধিকর্তা ডাঃ নিরজ কুমার চঞ্চল। দপ্তরের

সচিব দীপা ডি নায়ার চাকুরীপ্রাপ্তদের শৃঙ্খলাবজায় রেখে কাজ করার পরামর্শ দেন।

Sushanta Choudhury :

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেছেন সমাজের দায়িত্বশীল নাগরিকদের ভোক্তা অধিকার বিষয়ে সচেতন করার জন্য খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর বিভিন্ন উদ্যোগ নিয়েছে। গতকাল খোয়াইয়ের দশরথ দেব মেমোরিয়াল কলেজে ভোক্তা অধিকার সচেতনতা বিষয়ক এক আলোচনাচক্রে খাদ্যমন্ত্রী একথা বলেন। খাদ্য দপ্তরের উদ্যোগে আয়োজিত এই আলোচনাচক্রে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী আরও বলেন, ভোক্তা অধিকার সম্পর্কে সচেতন থাকলে পন্য সামগ্রী ক্রয়ে নাগরিকদের অসাধু ব্যবসায়ীরা ঠকাতে পারবেনা। আলোচনাচক্রের উদ্বোধন করেন খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা। আলোচনাচক্রে উপস্থিত ছিলেন জাতীয় আইন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. যোগেশ প্রতাপ সিং, খোয়াই মহকুমার মহকুমা শাসক চারু ভার্মা প্রমুখ।

All Party Meeting :

সংসদের শীতকালীন অধিবেশনকে সামনে রেখে আগামী ২৪শে নভেম্বর সরকার এক সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে। বৈঠকে সভাপতিত্ব করবেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। বৈঠকে, অধিবেশন চলাকালীন লোকসভা এবং রাজ্যসভার কাজ নির্বিঘ্নে সম্পন্ন করতে সরকার সমস্ত রাজনৈতিক দলের সমর্থন চাইবে। উল্লেখ্য, শীতকালীন অধিবেশন এই মাসের ২৫ তারিখে শুরু হয়ে ২০শে ডিসেম্বর পর্যন্ত চলবে। তবে ২৬ নভেম্বর সংবিধান দিবসে সংসদের কোনো অধিবেশন বসবে না।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালের দিকে হালকা কুয়াশা পরিলক্ষিত হয়েছে। আজ দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৯ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.৬ ডিগ্রি সেলসিয়াস।
